

■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০২

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (کتاب العلم)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْلاَّوَّلُ

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا حَسَدَ إِلَّا فِي اثْنَتَيْنِ رَجُلٍ آتَاهُ اللَّهُ مَالًا فَسَلَّطَهُ عَلَى هَلَكَتِهِ فِي الْحَقِّ وَرَجُلٍ آتَاهُ اللَّهُ لْحِكْمَة فَهُوَ يقْضِي بهَا وَيعلمهَا)

বাংলা

২০২-[৫] ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দুই ব্যক্তি ছাড়া অন্য কারো ব্যাপারে হিংসা করা ঠিক নয়। প্রথম ব্যক্তি- যাকে আল্লাহ তা'আলা সম্পদ দান করেছেন, সাথে সাথে তা সত্যের পথে (ফী সাবীলিল্লাহ) বা সৎকার্যে ব্যয় করার জন্য তাকে তাওফীরুও দিয়েছেন। দ্বিতীয় ব্যক্তি- যাকে আল্লাহ তা'আলা হিকমাহ্, অর্থাৎ- জ্ঞান ও প্রজ্ঞা দান করেছেন এবং সে এ জ্ঞান ও প্রজ্ঞা যথোপযুক্তভাবে কাজে লাগায় এবং (লোকদেরকে) তা শিখায়। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৭৩, মুসলিম ৮১৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে মূলত ত্র্ল্লেই শব্দ উল্লেখ হয়েছে যার প্রকৃত অর্থ অন্যের সম্পদ নষ্ট হওয়ার আকাজ্ফা করা, এতে আকাজ্ফাকারীর ঐ সম্পদ অর্জন হোক আর না হোক। তবে হাদীসে বর্ণিত ত্র্ল্লেই দ্বারা মূলত তা উদ্দেশ্য নয়। বরং হুঁএই বা ঈর্ষা উদ্দেশ্য। হুঁএই বলা হয় অন্যের সম্পদ নষ্ট হয়ে যাওয়ার আকাজ্ফা না করে অন্যের সম্পদের ন্যায় নিজেরও সম্পদ অর্জনের আকাজ্ফা করা। হুঁএই এটি জায়িয়, পক্ষান্তরে ত্র্লেই জায়িয নয়। তবে ত্র্লেই বা কিন্তি হাদীসে ব্যবহারের কারণ এই যে, অধিকাংশ সময় হাদীসে বর্ণিত দু'টি বিষয়ে মানুষের ত্র্লেই বা হিংসা সৃষ্টি



হয়ে থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন